রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**

**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**শুক্রবার, ডিসেম্বর ৯, ২০১৬**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২১ অগ্রহায়ণ, ১৪২৩ বঙ্গাব্দ/০৫ ডিসেম্বর, ২০১৬ খ্রিস্টাব্দ

**এস,আর,ও নং ৩৬৫-আইন/২০১৬।**—বাংলাদেশ হোটেল ও রেস্তোরাঁ আইন, ২০১৪ (২০১৪ সনের ১৫ নং আইন) এর ধারা ২৪ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা:—

১। **সংক্ষিপ্ত শিরোনাম।**—এই বিধিমালা বাংলাদেশ হোটেল ও রেস্তোরাঁ বিধিমালা, ২০১৬ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা।**—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(১) **"আইন"** অর্থ বাংলাদেশ হোটেল ও রেস্তোরাঁ আইন, ২০১৪ (২০১৪ সনের ১৫নং আইন);

(২) **"তফসিল"** অর্থ এই বিধিমালার কোন তফসিল;

(৩) **"তারকামান"** অর্থ আইনের ধারা ১৩ এর উদ্দেশ্য পূরণকল্পে তফসিল-১ খণ্ড (ক) এ বর্ণিত ন্যূনতম সুবিধা ও সেবা অনুযায়ী নির্ধারিত হোটেলের মানদণ্ড;

(৪) **"নিবন্ধক"** অর্থ আইনের ধারা ২(৪) এ সংজ্ঞায়িত নিবন্ধক;

(৫) **"নিয়ন্ত্রক"** অর্থ আইনের ধারা ৪ অনুযায়ী দায়িত্ব পালনকারী সংশ্লিষ্ট জেলা প্রশাসক এবং সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা নিযুক্ত পলভন কর্মকর্তা;

(৬) **"ফরম"** অর্থ এই বিধিমালার কোন ফরম;

(৭) **"ব্যক্তি"** অর্থ আইনের ধারা ২(৮) এ সজ্ঞায়িত ব্যক্তি;

(৮) **"মালিক"** অর্থ আইনের ধারা ২(৯) এ সংজ্ঞায়িত মালিক;

(৯) **"শ্রেণিমান"** অর্থ আইনের ধারা ১৩ এর উদ্দেশ্য পূরণকল্পে তফসিল-১ খণ্ড (খ) এ বর্ণিত সুবিধা ও সেবা অনুযায়ী নির্ধারিত রেস্তোরাঁর মানদণ্ড;

(১০) **"সেবা"** অর্থ আইনের ধারা ২(১২) এ সংজ্ঞায়িত সেবা;

(১১) **"রেস্তোরাঁ"** অর্থ আইনের ধারা ২(১০) এ সংজ্ঞায়িত রেস্তোরাঁ; এবং

(১২) **"হোটেল"** অর্থ আইনের ধারা ২(১৩) এ সংজ্ঞায়িত হোটেল।

৩। **হোটেল ও রেস্তোরাঁ নিবন্ধন।**—(১) হোটেল বা রেস্তোরাঁ নিবন্ধন করিবার ক্ষেত্রে আবেদনকারী কর্তৃক ফরম-১ অনুযায়ী সংশ্লিষ্ট নিবন্ধক বরাবর, নিম্নলিখিত কাগজাদিসহ আবেদন করিতে হইবে, যথা :—

(ক) নিজ জমিতে হোটেল বা রেস্তোরাঁ নির্মাণের ক্ষেত্রে—

(অ) সংশ্লিষ্ট জমির মালিকানার মূল দলিল বা নামজারীর সত্যায়িত কপি;

(আ) যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক ভবন নির্মাণের অনুমোদন ও শর্তপূরণ সংক্রান্ত দলিলাদির সত্যায়িত কপি;

(ই) পূর্ণাঙ্গ কাঠামোগত প্লান (Detailed Structural Plan), নকশা ও সুবিধাদির বিবরণ সংক্রান্ত দলিলাদির সত্যায়িত কপি;

(ঈ) ট্রেড লাইসেন্স এবং TIN সনদের সত্যায়িত কপি; এবং

(উ) ১-৫৩০১-০০০১-১৮১৭ নম্বর কোডে ট্রেজারী চালানের মাধ্যমে তফসিল-২ এ উল্লিখিত আবেদন ফি জমার ট্রেজারী চালানের মূল কপি; এবং

(খ) ভাড়া না ইজারাকৃত ভবন বা জমিতে হোটেল বা রেস্তোরাঁ নির্মাণের ক্ষেত্রে—

(অ) দীর্ঘমেয়াদী ভাড়া অথবা ইজারা চুক্তির সত্যায়িত কপি;

(আ) ট্রেড লাইসেন্স এবং TIN সনদের সত্যায়িত কপি; এবং

(ই) ১-৫৩০১-০০০১-১৮১৭ নম্বর কোডে ট্রেজারী চালানের মাধ্যমে তফসিল-২ এ উল্লিখিত আবেদন ফি জমার ট্রেজারী চালানের মূল কপি।

(২) নিবন্ধক উপ-বিধি (১) এর অধীন আবেদন প্রাপ্তির ৩০(ত্রিশ) কার্য দিবসের মধ্যে আবেদনকারী কর্তৃক দাখিলকৃত দলিলাদি পরীক্ষা-নিরীক্ষাক্রমে উহার সঠিকতা সম্পর্কে নিশ্চিত হইলে তফসিল-২ এ উল্লিখিত নিবন্ধন ফি জমা প্রদানের জন্য আবেদনকারী বরাবর দাবীপত্র ইস্যু করিবেন।

(৩) উপ-বিধি (২) অনুযায়ী দাবীপত্র প্রাপ্তির পর আবেদনকারী ১-৫৩০১-০০০১-১৮১৭ নম্বর কোডে ট্রেজারী চালানের মাধ্যমে তফসিল-২ এ উল্লিখিত নিবন্ধন ফি জমা প্রদান করিয়া উহার মূলকপি নিবন্ধক বরাবর দাখিল করিবেন।

(৪) উপ-বিধি (৩) এ উল্লিখিত ট্রেজারী চালানের মূল কপি দাখিলের ১৫ (পনের) কার্য দিবসের মধ্যে নিবন্ধক ফরম-৯ অনুযায়ী সংশ্লিষ্ট আবেদনকারীর অনুকূলে নিবন্ধন সনদ ইস্যু করিবেন।

৪। **লাইসেন্সের জন্য আবেদন।**—(১) তফসিল-১ এ উল্লিখিত বিভিন্ন শ্রেণির রেস্তোরাঁ বা বিভিন্ন তারকামানের হোটেলের লাইসেন্সের জন্য ফরম-৩ অনুযায়ী নিম্নবর্ণিত কাগজাদিসহ সংশ্লিষ্ট নিয়ন্ত্রক বরাবর আবেদন করিতে হইবে, যথা :—

(ক) নিবন্ধন সনদের সত্যায়িত কপি;

(খ) ১-৫৩০১-০০০১-১৮১৮ নম্বর কোডে ট্রেজারী চালানের মাধ্যমে তফসিল-২ এ উল্লিখিত লাইসেন্স ফি প্রদানের কপি; এবং

(গ) আইনের ধারা ১১ এ উল্লিখিত যোগ্যতা এবং এই বিধিমালার অধীন বর্ণিত সকল শর্ত পূরণ হইয়াছে মর্মে ৩০০/- (তিনশত) টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্পে আবেদনকারী কর্তৃক সম্পাদিত অঙ্গীকারনামা;

(ঘ) তিন বা তদূর্ধ্ব তারকামানের হোটেলের ভবন নির্মাণের ক্ষেত্রে ভবন নির্মাণের কাজ শুরু করিবার পূর্বে সরকার কর্তৃক প্রদত্ত ছাড়পত্রের সত্যায়িত কপি;

(ঙ) হোটেল ভবন ব্যবহার (অকুপেন্সি) ও ভবনে সরবরাহকৃত সকল সেবার (ইউটিলিটি) নিরাপত্তা সংক্রান্ত বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ; এবং

(চ) ফরম-৭ অনুযায়ী সিভিল সার্জন বা সরকার অনুমোদিত কোন মেডিকেল কলেজ হাসপাতালের চিকিৎসক কর্তৃক হোটেল কর্মকর্তা ও কর্মচারীদের স্বাস্থ্যগত প্রতিবেদন বা সনদ।

(২) উপ-বিধি (১) অনুযায়ী আবেদনপত্র দাখিলের ১৫ (পনের) কার্য দিবসের মধ্যে নিয়ন্ত্রক ফরম-২ অনুযায়ী সংশ্লিষ্ট আবেদনকারীর অনুকূলে লাইসেন্স ইস্যু করিবেন।

৫। **লাইসেন্স নবায়ন, বিলম্ব ফি, ইত্যাদি।**—(১) কোন হোটেল বা রেস্তোরাঁর লাইসেন্সের মেয়াদ উত্তীর্ণ হইবার অন্যূন ৩ (তিন) মাস পূর্বে ফরম-৪ এ উল্লিখিত নমুনা অনুযায়ী নিম্নবর্ণিত দলিলাদিসহ সংশ্লিষ্ট নিয়ন্ত্রক বরাবর লাইসেন্স নবায়নের জন্য আবেদন করিতে হইবে, যথা:—

(ক) তফসিল-২ অনুযায়ী লাইসেন্স নবায়ন ফি ট্রেজারী চালানের মাধ্যমে ১-৫৩০১-০০০১ -১৮১৮ নম্বর কোডে জমা প্রদানের মূল কপি;

(খ) বিগত অর্থ বৎসরের আয়কর প্রদান সংক্রান্ত প্রত্যয়নপত্র, প্রযোজ্য ক্ষেত্রে, নিরীক্ষা প্রতিবেদন; এবং

(গ) ফরম-৭ অনুযায়ী সিভিল সার্জন বা সরকার অনুমোদিত কোন মেডিকেল কলেজ হাসপাতালের চিকিৎসক কর্তৃক হোটেল কর্মকর্তা ও কর্মচারীদের স্বাস্থ্যগত প্রতিবেদন বা সনদ।

(২) উপ-বিধি (১) এর অধীন আবেদনপত্র প্রাপ্তির ৩০ (ত্রিশ) কার্য দিবসের মধ্যে উহা পরীক্ষা-নিরীক্ষাক্রমে সংশ্লিষ্ট নিয়ন্ত্রক—

(ক) সন্তুষ্ট হইলে, লাইসেন্স নবায়নের আবেদন মঞ্জুর করিবেন, অথবা

(খ) সন্তুষ্ট না হইলে, কারণ লিপিবদ্ধ করিয়া আবেদন নামঞ্জুর করিবেন এবং উক্তরূপ নামঞ্জুরের বিষয়টি সংশ্লিষ্ট আবেদনকারীকে অবহিত করিবেন।

(৩) উপ-বিধি (১) এ উল্লিখিত সময়ের মধ্যে কোন হোটেল বা রেস্তোরাঁর মালিক লাইসেন্স নবায়নের আবেদন করিতে ব্যর্থ হইলে, মেয়াদ উত্তীর্ণ হইবার পূর্বে উহা নবায়নের জন্য উক্ত ৩ (তিন) মাসের মধ্যে প্রতি মাসের জন্য ৪% (চার শতাংশ) হারে বিলম্ব ফি প্রদানপূর্বক আবেদন করা যাইবে।

(৪) উপ-বিধি (৩) এ উল্লিখিত সময়ের মধ্যে বিলম্ব ফি প্রদানপূর্বক লাইসেন্স নবায়নের আবেদন করিতে ব্যর্থ হইলে উক্ত লাইসেন্স স্বয়ংক্রিয়ভাবে বাতিল হইবে।

৬। **ডুপ্লিকেট লাইসেন্স ইস্যু**।—(১) লাইসেন্স হারাইয়া, পুড়িয়া বা বিনষ্ট হইয়া গেলে সংশ্লিষ্ট হোটেল বা রেস্তোরাঁর মালিক সংশ্লিষ্ট থানায় সাধারণ ডায়েরী দায়েরপূর্বক উহার কপি এবং তফসিল-২ এ উল্লিখিত ডুপ্লিকেট লাইসেন্স ফিসহ ফরম-৫ অনুযায়ী নিয়ন্ত্রক বরাবর ডুপ্লিকেট লাইসেন্সের জন্য আবেদন করিতে পারিবেন।

(২) সংশ্লিষ্ট নিয়ন্ত্রক উপ-বিধি (১) এর অধীন আবেদন প্রাপ্তির পর উহার সঠিকতা যাচাই-বাছাইপূর্বক অনধিক ১৫ (পনের) কার্য দিবসের মধ্যে ফরম-৮ অনুযায়ী ডুপ্লিকেট লাইসেন্স ইস্যু করিবেন।

৭। **হোটেলের তারকামান ও রেস্তোরাঁর শ্রেণিমান**।—(১) আইনের ধারা ১৩ এর উদ্দেশ্য পূরণকল্পে তফসিল-১ অনুযায়ী হোটেলের তারকামান, রেস্তোরাঁর শ্রেণিমান এবং সংশ্লিষ্ট হোটেল বা রেস্তোরাঁ কর্তৃক প্রদত্ত সুবিধা ও সেবার মানদণ্ড নির্ধারিত হইবে।

(২) কোন মালিক হোটেলের তারকামান বা রেস্তোরাঁর শ্রেণিমান উন্নীত করিবার জন্য আবেদন করিলে সংশ্লিষ্ট নিয়ন্ত্রক সরেজমিনে তদন্তপূর্বক সন্তুষ্ট হইলে, উপ-বিধি (১) এর বিধান সাপেক্ষে, আবেদনে চাহিত তারকামান বা শ্রেণিমান বৃদ্ধির আদেশ প্রদান করিবেন।

৮। **হোটেল বা রেস্তোরাঁর নূতন লাইসেন্স গ্রহণ, ইত্যাদি**।—(১) হোটেল বা রেস্তোরাঁর মালিকানা হস্তান্তরের ফলে কোন ব্যক্তিকে নূতন লাইসেন্স গ্রহণ করিবার ক্ষেত্রে বিধি ৩ এবং ৪ এ বর্ণিত বিধান অনুসরণক্রমে তফসিল ২ এ বর্ণিত মালিকানাস্বত্ব হস্তান্তর ফি প্রদানপূর্বক নিয়ন্ত্রক বরাবর নিবন্ধনের জন্য আবেদন করিতে হইবে।

(২) উপ-বিধি (১) এর অধীন আবেদনপত্র প্রাপ্তির ৩০ (ত্রিশ) কার্য দিবসের মধ্যে সংশ্লিষ্ট নিয়ন্ত্রক উহা পরীক্ষা-নিরীক্ষাক্রমে—

(ক) সন্তুষ্ট হইলে, সংশ্লিষ্ট হোটেল বা রেস্তোরাঁ পরিচালনার জন্য নিবন্ধনের আবেদন মঞ্জুর করিবেন; অথবা

(খ) সন্তুষ্ট না হইলে, কারণ লিপিবদ্ধ করিয়া আবেদন নামঞ্জুর করিবেন এবং উক্তরূপ নামঞ্জুরের বিষয়টি সংশ্লিষ্ট আবেদনকারীকে অবহিত করিবেন।

৯। **হোটেল বা রেস্তোরাঁর নাম পরিবর্তন**।—(১) লাইসেন্সপ্রাপ্ত কোন হোটেল বা রেস্তোরাঁর নাম পরিবর্তন করিতে চাহিলে সংশ্লিষ্ট হোটেল বা রেস্তোরাঁর মালিককে তফসিল ২ এ উল্লিখিত নির্ধারিত নাম পরিবর্তন ফি প্রদানপূর্বক ফরম-৬ অনুযায়ী নিয়ন্ত্রকের নিকট আবেদন করিতে হইবে।

(২) উপ-বিধি (১) এর অধীন আবেদনপত্র প্রাপ্তির ৩০ (ত্রিশ) কার্য দিবসের মধ্যে উহা পরীক্ষা-নিরীক্ষাক্রমে সংশ্লিষ্ট নিয়ন্ত্রক—

(ক) সন্তুষ্ট হইলে, সংশ্লিষ্ট হোটেল বা রেস্তোরাঁর নাম পরিবর্তনের আবেদন মঞ্জুর করিবেন; অথবা

(খ) সন্তুষ্ট না হইলে, কারণ লিপিবদ্ধ করিয়া আবেদন নামঞ্জুর করিবেন এবং উক্তরূপ নামঞ্জুরের বিষয়টি সংশ্লিষ্ট আবেদনকারীকে অবহিত করিবেন।

১০। **ন্যায্যদর।**—(১) প্রতিটি হোটেল ও রেস্তোরাঁ কর্তৃক আবাসন, খাদ্য, পানীয় বা অন্যান্য সেবার জন্য ন্যায্যদর স্থানীয় মুদ্রায় নির্ধারণ করিতে হইবে এবং উহা মুদ্রিত আকারে হোটেল বা রেস্তোরাঁর প্রকাশ্য স্থানে প্রদর্শন করিতে হইবে।

(২) অতিথি বা ক্রেতা স্থানীয় মুদ্রায় পণ্য ও সেবার মূল্য পরিশোধ করিবে, তবে বিশেষ অবস্থায় বৈদেশিক মুদ্রায় (ইউএস ডলারে) মূল্য পরিশোধ করা যাইবে।

১১। **পরিদর্শন ও অতিথি নিবন্ধন রেজিস্টার।**—(১) নিবন্ধক বা নিয়ন্ত্রক কর্তৃক পরিদর্শনের জন্য প্রত্যেক হোটেল ও রেস্তোরাঁয় একটি পরিদর্শন রেজিস্টার থাকিবে।

(২) প্রত্যেক হোটেলে একটি অতিথি নিবন্ধন রেজিস্টার থাকিবে যাহাতে অতিথির নাম, আগমন ও প্রস্থানের সময় ও তারিখ, স্থায়ী ও বর্তমান ঠিকানা এবং মোবাইল নম্বর, জাতীয় পরিচয়পত্র বা পাসপোর্ট বা অন্য কোন পরিচয়সূচক প্রমাণপত্রসহ (যদি থাকে) প্রয়োজনীয় অন্যান্য তথ্য লিপিবদ্ধ করিতে হইবে :

তবে শর্ত থাকে যে, বিদেশি নাগরিকের ক্ষেত্রে পাসপোর্টের ছবি, নাম, ঠিকানা ও ভিসা সম্বলিত পৃষ্ঠার ফটোকপি সংরক্ষণ করিতে হইবে।

১২। **অতিথি বা ক্রেতার অভিযোগ নিস্পত্তি।**—আইনের ধারা ১৬ এর উপ-ধারা (৩) এর অধীন কোন ক্রেতা বা অতিথি নিয়ন্ত্রকের নিকট অভিযোগ করিলে তিনি অভিযোগ প্রাপ্তির পর যথাশীঘ্র, প্রয়োজনে সরেজমিনে তদন্তপূর্বক, উভয় পক্ষের বক্তব্য বা শুনানি গ্রহণ করিয়া লিখিতভাবে যথাযথ আদেশ প্রদান করিবেন।

১৩। **পরিদর্শন ও তদন্ত পদ্ধতি।**—হোটেল বা রেস্তোরাঁর সুবিধা ও সেবার মান নিয়ন্ত্রণের জন্য সংশ্লিষ্ট নিয়ন্ত্রক তফসিল-৩ এ উল্লিখিত পরিদর্শন ফরম অনুযায়ী হোটেল বা রেস্তোরাঁ নিয়মিত পরিদর্শন এবং, প্রয়োজনে, তদন্ত করিতে পারিবেন।

১৪। **নিবন্ধন সনদ বা লাইসেন্স বাতিলের পূর্বে নোটিশ প্রদান।**—(১) আইনের ধারা ১৭ এর উপ-ধারা (১) এ বর্ণিত কারণে নিবন্ধন সনদ বা লাইসেন্স স্থগিত বা বাতিল করিবার পূর্বে হোটেল বা রেস্তোরাঁর মালিককে ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে কারণ দর্শানোর নোটিশ প্রদান করিতে হইবে।

(২) কোন হোটেল বা রেস্তোরাঁর মালিক উপ-বিধি (১) এ উল্লিখিত সময়সীমার মধ্যে কারণ দর্শাইতে ব্যর্থ হইলে তিনি যথাযথ কারণ উল্লেখপূর্বক উক্ত সময়সীমা বৃদ্ধির জন্য আবেদন করিতে পারিবেন।

(৩) উপ-বিধি (২) এর অধীন আবেদন প্রাপ্তির পর নিবন্ধক বা, ক্ষেত্রমত, নিয়ন্ত্রক উহা যাচাই-বাছাইক্রমে সন্তুষ্ট হইলে অনধিক ৭ (সাত) কার্যদিবস সময় বৃদ্ধি করা যাইবে এবং উক্ত সময়ের মধ্যে শুনানী সম্পন্ন করিতে হইবে।

**১৫। হোটেল বা রেস্তোরাঁর পরিচালনা নির্দেশিকা।**—(১) প্রতিটি হোটেল বা রেস্তোরাঁর মালিক এই বিধিমালার সহিত সামঞ্জস্য রাখিয়া নিজ নিজ হোটেল বা রেস্তোরাঁ সুষ্ঠুভাবে পরিচালনা ও ব্যবস্থাপনার জন্য সংশ্লিষ্ট হোটেল বা রেস্তোরাঁ পরিচালনা নির্দেশিকা প্রণয়নপূর্বক লাইসেন্স প্রাপ্তির পরবর্তী ৬ (ছয়) মাসের মধ্যে নিয়ন্ত্রকের নিকট হইতে উহার অনুমোদন গ্রহণ করিবেন।

(২) পরিচালনা নির্দেশিকায় নিম্নবর্ণিত বিষয়সমূহ থাকিতে হইবে, যথা :—

(ক) কর্মকর্তা-কর্মচারীদের নিয়োগ, বেতন-ভাতাদি, আচরণ নিয়ন্ত্রণ, চাকুরী পরিকল্পনা, প্রশিক্ষণ, অবসর, সিভিল সার্জন বা সরকার অনুমোদিত কোন মেডিকেল কলেজ হাসপাতালের চিকিৎসক কর্তৃক স্বাস্থ্যগত যোগ্যতা পরীক্ষা বা অনুরূপ বিষয়াদি;

(খ) হোটেল বা রেস্তোরাঁর অতিথি বা ক্রেতাবৃন্দের আবাসন, আহার, পানীয়, চিকিৎসা বা অনুরূপ ক্ষেত্রে প্রদেয় সুবিধা ও ন্যায্যদর;

(গ) অতিথি নিবন্ধন রেজিস্টারসহ প্রয়োজনীয় অন্যান্য রেজিস্টার সংরক্ষণ;

(ঘ) ওয়াই-ফাই (Wi-fi) সহ ইন্টারনেট সুবিধা, নিরাপত্তা ব্যবস্থা, পরিবহন, টেলিফোন বা অনুরূপ সুবিধা সংক্রান্ত তথ্য;

(ঙ) ক্রেডিট পলিসি, বকেয়া আদায় পদ্ধতি সংক্রান্ত বিষয়াদি;

(চ) নিয়ন্ত্রক কর্তৃক সময় সময় নির্দেশিত বিষয়াদি; এবং

(ছ) হোটেল রেস্তোরাঁর প্রদত্ত অন্যান্য সুবিধাদি, যদি থাকে।

(৩) হোটেল বা রেস্তোরাঁর পরিচালনা নির্দেশিকা সংশোধনের প্রয়োজন হইলে সংশ্লিষ্ট সংশোধনী প্রস্তাব নিয়ন্ত্রকের নিকট দাখিল করিতে হইবে।

(৪) সংশ্লিষ্ট নিয়ন্ত্রক উপ-বিধি (৩) অনুযায়ী প্রস্তাব প্রাপ্তির ৩০ (ত্রিশ) কার্য দিবসের মধ্যে প্রাপ্ত প্রস্তাব যাচাই-বাছাইক্রমে প্রয়োজনে, পরিবর্তন বা সংশোধনপূর্ব, অনুমোদন করিবেন।

**১৬। নিবন্ধন সনদ ও লাইসেন্স এর তথ্য সংরক্ষণ ও প্রদর্শন, ইত্যাদি।**—(১) প্রতিটি নিবন্ধন সনদ এবং লাইসেন্সের বিস্তারিত তথ্য যথাক্রমে সংশ্লিষ্ট নিবন্ধক ও নিয়ন্ত্রকের দপ্তরে ডাটাবেজ আকারে সংরক্ষণ করিতে হইবে।

(২) একই নিয়ন্ত্রকের অধিক্ষেত্রাধীন কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান কর্তৃক পরিচালিত কোন হোটেল বা রেস্তোরাঁ অন্য কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান কর্তৃক একই নামে পরিচালনা করিতে পারিবেন না।

(৩) হোটেল বা রেস্তোরাঁ কর্তৃপক্ষ নিয়ন্ত্রক কর্তৃক প্রদত্ত লাইসেন্সটি সর্বসাধারণের দৃষ্টিগোচর হয়, এমন স্থানে প্রদর্শন করিবে।

**১৭। রহিত করণ ও হেফাজত।**—(১) Bangladesh Hotels and Rstaurants (Registrations, Licence and Control) Rules, 1986, অতঃপর উক্ত Rules বলিয়া উল্লিখিত, এতদ্বারা রহিত করা হইল।

(২) উপ-বিধি (১) এর অধীন রহিতকরণ সত্ত্বেও, উক্ত Rules এর অধীন কৃত কার্যক্রম, গৃহীত ব্যবস্থা বা প্রদত্ত আদেশ এই বিধিমালার অধীন কৃত, গৃহীত বা প্রদত্ত হইয়াছে বলিয়া গণ্য হইবে এবং কোন কার্যক্রম চলমান থাকিলে উহা এমনভাবে নিষ্পত্তি করিতে হইবে যেন উক্ত Rules রহিত হয় নাই।

## তফসিল-১

**[বিধি ৪(১), ৭(১) দ্রষ্টব্য]**

### (ক) তারকামানসম্পন্ন হোটেলের নূন্যতম সুবিধা ও সেবার বিবরণ

| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
|---|---|---|---|---|---|---|
| নং | সুবিধা ও সেবার বিবরণ | ১ (এক) তারকা (*) | ২ (দুই) তারকা (**) | ৩ (তিন) তারকা (***) | ৪ (চার) তারকা (****) | ৫ (পাঁচ) তারকা (*****) |
| ১. | কক্ষ | অন্যূন ১০ টি | অন্যূন ৩০ টি | অন্যূন ৫০ টি | অন্যূন ৭৫ টি | অন্যূন ১০০ টি |
| ২. | তথ্য ও প্রযুক্তি (IT) সুবিধাদি | - | ইন্টারনেট কানেকশন থাকিতে হইবে। | নিম্নবর্ণিত সুবিধা ও সেবা থাকিতে হইবে, যথা :—<br>ক. সকল কক্ষ, কনফারেন্স রুম ও উন্মুক্ত স্থান (Open Space) এ Wi-Fi সহ Wired Connection;<br>খ. ফ্যাক্স ফটোকপিয়ার, প্রিন্টার, ইন্টারনেট, ইত্যাদি সুবিধাদিসহ বিজনেস সেন্টার;<br>গ. নিজস্ব ওয়েব সাইট;<br>ঘ. অন-লাইন রিজারভেশন সুবিধা। | নিম্নবর্ণিত সুবিধা ও সেবা থাকিতে হইবে, যথা :—<br>ক. সকল কক্ষ, কনফারেন্স রুম ও উন্মুক্ত স্থান (Open Space) এ Wi-Fi সহ Wired Connection;<br>খ. ফ্যাক্স ফটোকপিয়ার, প্রিন্টার, ইন্টারনেট, ইত্যাদি সুবিধাদিসহ বিজনেস সেন্টার;<br>গ. নিজস্ব ওয়েব সাইট;<br>ঘ. অন-লাইন রিজারভেশন সুবিধা। | নিম্নবর্ণিত সুবিধা ও সেবা থাকিতে হইবে, যথা :—<br>ক. সকল কক্ষ, কনফারেন্স রুম ও উন্মুক্ত স্থান (Open Space) এ Wi-Fi সহ Wired Connection;<br>খ. ফ্যাক্স ফটোকপিয়ার, প্রিন্টার, ইন্টারনেট, ইত্যাদি সুবিধাদিসহ বিজনেস সেন্টার;<br>গ. নিজস্ব ওয়েব সাইট;<br>ঘ. অন-লাইন রিজারভেশন সুবিধা। |
| ৩. | বর্জ্য নিষ্কাষণ ব্যবস্থা | - | - | নিজস্ব বর্জ্য নিষ্কাষণ ব্যবস্থাপনা থাকিতে হইবে | নিজস্ব বর্জ্য নিষ্কাষণ ব্যবস্থাপনা থাকিতে হইবে | নিজস্ব বর্জ্য নিষ্কাষণ ব্যবস্থাপনা থাকিতে হইবে |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
|---|---|---|---|---|---|---|
| নং | সুবিধা ও সেবার বিবরণ | ১ (এক) তারকা (*) | ২ (দুই) তারকা (**) | ৩ (তিন) তারকা (***) | ৪ (চার) তারকা (****) | ৫ (পাঁচ) তারকা (*****) |
| ৪. | Effluent Treatment Plant (E. T. P) | - | - | - | থাকিতে হইবে | থাকিতে হইবে |
| ৫. | হোটেল ভবন, কাঠামো ও নক্সা | যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হইতে হইবে। | যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হইতে হইবে। | যথাযথ সরকারি কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হইতে হইবে এবং অকুপেন্সি সনদ (ভবন ব্যবহারের সনদ) থাকিতে হইবে। | যথাযথ সরকারি কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হইতে হইবে এবং অকুপেন্সি সনদ (ভবন ব্যবহারের সনদ) হইবে। | যথাযথ সরকারি কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হইতে হইবে এবং অকুপেন্সি সনদ (ভবন ব্যবহারের সনদ) হইবে। |
| ৬. | পার্কিং ব্যবস্থা | নিজস্ব পার্কিং ব্যবস্থা থাকিতে হইবে। | অন্যূন ১০ (দশ) টি গাড়ীর পার্কিং ব্যবস্থা থাকিতে হইবে। | অন্যূন ৫০ (পঞ্চাশ) টি গাড়ীর পার্কিং ব্যবস্থা থাকিতে হইবে। | অন্যূন ৭৫ (পচাত্তর) টি গাড়ীর পার্কিং ব্যবস্থা থাকিতে হইবে। | অন্যূন ১০০ (একশত) টি গাড়ীর পার্কিং ব্যবস্থা থাকিতে হইবে। |
| ৭. | নিজস্ব বিকল্প বিদ্যুৎ ব্যবস্থা, এলপি গ্যাস ও বিশুদ্ধ পানি সরবরাহ ব্যবস্থা। | থাকিতে হইবে। | থাকিতে হইবে। | থাকিতে হইবে। | থাকিতে হইবে। | থাকিতে হইবে। |
| ৮. | সরকার কর্তৃক স্বীকৃত প্রতিষ্ঠান থেকে প্রশিক্ষণপ্রাপ্ত কর্মচারীর সংখ্যা। | মোট কর্মচারীর ১০% (শতকরা দশ ভাগ) হইবে | মোট কর্মচারীর ২০% (শতকরা বিশ ভাগ) হইবে | মোট কর্মচারীর ৩০% (শতকরা ত্রিশ ভাগ) হইবে | মোট কর্মচারীর ৪০% (শতকরা চল্লিশ ভাগ) হইবে | মোট কর্মচারীর ৫০% (শতকরা পঞ্চাশ ভাগ) হইবে |
| ৯. | চিকিৎসা সুবিধা | ক. প্রাথমিক চিকিৎসা সুবিধা থাকিতে হইবে;<br>খ. চিকিৎসক অনকলের সুবিধা; | ক. প্রাথমিক চিকিৎসা সুবিধা থাকিতে হইবে;<br>খ. চিকিৎসক অনকলের সুবিধা; | ক. প্রাথমিক চিকিৎসা সেবা;<br>খ. চিকিৎসক অনকলের সুবিধা;<br>গ. জরুরী চিকিৎসা সুবিধা গ্রহণের সুযোগ। | ক. প্রাথমিক চিকিৎসা সেবা;<br>খ. চিকিৎসক অনকলের সুবিধা;<br>গ. জরুরী চিকিৎসা সুবিধা গ্রহণের সুযোগ। | ক. প্রাথমিক চিকিৎসা সেবা;<br>খ. চিকিৎসক অনকলের সুবিধা;<br>গ. জরুরী চিকিৎসা সুবিধা গ্রহণের সুযোগ। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
|---|---|---|---|---|---|---|
| নং | সুবিধা ও সেবার বিবরণ | ১ (এক) তারকা (*) | ২ (দুই) তারকা (**) | ৩ (তিন) তারকা (***) | ৪ (চার) তারকা (****) | ৫ (পাঁচ) তারকা (*****) |
| ১০. | অগ্নি নির্বাপন ব্যবস্থা | থাকিতে হইবে | থাকিতে হইবে | আধুনিক অগ্নি নির্বাপন যন্ত্র থাকিতে হইবে | ক. জরুরী নির্গমন সিঁড়ি;<br>খ. এড্রেসেবল স্মোক ডিটেক্টর দেয়াল, দরজা, মেঝে ও কার্পেট, ইত্যাদি ফায়াররেটিং হইতে হইবে। | ক. জরুরী নির্গমন সিঁড়ি;<br>খ. এড্রেসেবল স্মোক ডিটেক্টর দেয়াল, দরজা, মেঝে ও কার্পেট, ইত্যাদি ফায়াররেটিং হইতে হইবে। |
| ১১. | সার্বক্ষণিক নিরাপত্তা ব্যবস্থা | থাকিতে হইবে | থাকিতে হইবে | 'কমন স্পেসে' সিসি ক্যামেরাসহ প্রবেশ পথে আর্চওয়ে, মেটাল ডিটেক্টর, ইত্যাদি নিরাপত্তা তল্লাশির ব্যবস্থাসহ সার্বক্ষণিক নিরাপত্তা ব্যবস্থা থাকিতে হইবে। | 'কমন স্পেসে' সিসি ক্যামেরাসহ প্রবেশ পথে আর্চওয়ে, মেটাল ডিটেক্টর, ইত্যাদি নিরাপত্তা তল্লাশির ব্যবস্থাসহ সার্বক্ষণিক নিরাপত্তা ব্যবস্থা থাকিতে হইবে। | 'কমন স্পেসে' সিসি ক্যামেরাসহ প্রবেশ পথে আর্চওয়ে, মেটাল ডিটেক্টর, লাগেজ স্ক্যানার ইত্যাদি নিরাপত্তা তল্লাশির ব্যবস্থাসহ সার্বক্ষণিক নিরাপত্তা ব্যবস্থা থাকিতে হইবে। |
| ১২. | এয়ারকন্ডিশনিং /হিটিং ব্যবস্থা | - | অন্যূন ২০% (শতকরা বিশ ভাগ) কক্ষে | প্রতিটি কক্ষসহ পাবলিক স্পেস ও কমন স্পেসে এয়ারকন্ডিশনিং/হিটিং ব্যবস্থা থাকিতে হইবে। | প্রতিটি কক্ষসহ পাবলিক স্পেস ও কমন স্পেসে এয়ারকন্ডিশনিং/হিটিং ব্যবস্থা থাকিতে হইবে। | প্রতিটি কক্ষসহ পাবলিক স্পেস ও কমন স্পেসে এয়ারকন্ডিশনিং/হিটিং ব্যবস্থা থাকিতে হইবে। |
| ১৩. | লিফট (Lift) | - | - | অতিথি ও সেবার জন্য প্রয়োজনীয় সংখ্যক পৃথক লিফট (Lift) থাকিতে হইবে। | অতিথি ও সেবার জন্য প্রয়োজনীয় সংখ্যক পৃথক লিফট (Lift) থাকিতে হইবে। | অতিথি ও সেবার জন্য প্রয়োজনীয় সংখ্যক পৃথক লিফট (Lift) থাকিতে হইবে। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
|---|---|---|---|---|---|---|
| নং | সুবিধা ও সেবার বিবরণ | ১ (এক) তারকা (*) | ২ (দুই) তারকা (**) | ৩ (তিন) তারকা (***) | ৪ (চার) তারকা (****) | ৫ (পাঁচ) তারকা (*****) |
| ১৪. | প্রতিবন্ধিসহ সর্ব-জনগম্যতা নিশ্চিত করা হয়েছে কিনা | নিশ্চিত করিতে হইবে | নিশ্চিত করিতে হইবে | নিশ্চিত করিতে হইবে | নিশ্চিত করিতে হইবে | নিশ্চিত করিতে হইবে |
| ১৫. | সার্বক্ষণিক ঠান্ডা ও গরম পানির ব্যবস্থা | - | - | প্রতি কক্ষে থাকিতে হইবে | প্রতি কক্ষে থাকিতে হইবে | প্রতি কক্ষে থাকিতে হইবে |
| ১৬. | সংযুক্ত স্নানাগার | ৫০% (শতকরা পঞ্চাশ ভাগ) কক্ষে সংযুক্ত স্নানাগার থাকিতে হইবে | ১০০% (শতকরা একশত ভাগ) কক্ষে সংযুক্ত স্নানাগার থাকিতে হইবে | ১০০% (শতকরা একশত ভাগ) কক্ষে সংযুক্ত স্নানাগার থাকিতে হইবে | ১০০% (শতকরা একশত ভাগ) কক্ষে সংযুক্ত স্নানাগার থাকিতে হইবে | ১০০% (শতকরা একশত ভাগ) কক্ষে সংযুক্ত স্নানাগার থাকিতে হইবে |
| ১৭. | শয়ন কক্ষের নূন্যতম আয়তন (বাথরুমসহ) | ১০ (দশ) বর্গমিটার | ১৮ (আঠার) বর্গমিটার | ২০ (বিশ) বর্গমিটার | ২৪ (চব্বিশ) বর্গমিটার | ২৬ (ছাব্বিশ) বর্গমিটার |
| ১৮. | ব্যাঙ্কুয়েট হল/ মাল্টিপারপাস হল | - | - | শীতাতপ নিয়ন্ত্রিত অন্যূন ১৫০ (একশত পঞ্চাশ) আসনবিশিষ্ট ব্যাঙ্কুয়েট হল থাকিতে হইবে | শীতাতপ নিয়ন্ত্রিত অন্যূন ৩০০ (তিনশত) আসন বিশিষ্ট ব্যাঙ্কুয়েট হল থাকিতে হইবে | শীতাতপ নিয়ন্ত্রিত অন্যূন ৪০০ (চারশত) আসন বিশিষ্ট ব্যাঙ্কুয়েট হল থাকিতে হইবে |
| ১৯. | ডাইনিং ও রেস্টুরেন্ট | - | অন্যূন ১(এক) রেস্টুরেন্ট থাকেতে হইবে | ক. ১ (এক) টি all day ডাইনিং;<br>খ. ১ (এক) টি স্পেশাল ডাইনিং;<br>গ. রেস্টুরেন্টের আসন সংখ্যা কক্ষ সংখ্যার ন্যূনতম তা ৩ঃ৪ হইবে। | ক. ১ (এক) টি all day ডাইনিং;<br>খ. ১ (এক) টি স্পেশাল ডাইনিং;<br>গ. রেস্টুরেন্টের আসন সংখ্যা কক্ষ সংখ্যার ন্যূনতম তা ৩ঃ৪ হইবে। | ক. ১ (এক) টি all day ডাইনিং;<br>খ. ১ (এক) টি স্পেশাল ডাইনিং;<br>গ. রেস্টুরেন্টের আসন সংখ্যা কক্ষ সংখ্যার ন্যূনতম তা ৩ঃ৪ হইবে। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
|---|---|---|---|---|---|---|
| নং | সুবিধা ও সেবার বিবরণ | ১ (এক) তারকা (*) | ২ (দুই) তারকা (**) | ৩ (তিন) তারকা (***) | ৪ (চার) তারকা (****) | ৫ (পাঁচ) তারকা (*****) |
| ২০. | সভাকক্ষ | - | - | শীতাতপ নিয়ন্ত্রিত ৩০ (ত্রিশ) আসন বিশিষ্ট ২ (দুই) টি সভাকক্ষ থাকিতে হইবে। | আধুনিক সুবিধা সম্বলিত অন্যূন ৪০ (চল্লিশ) আসন বিশিষ্ট ৩ (তিন) টি সভাকক্ষ থাকিতে হইবে। | আধুনিক সুবিধা সম্বলিত অন্যূন ৫০ (পঞ্চাশ) আসন বিশিষ্ট ৩ (তিন) টি সভাকক্ষ থাকিতে হইবে। |
| ২১. | অভ্যর্থনা কক্ষ, লাইঞ্জ ও লবির সুবিধাদি | অভ্যর্থনা কক্ষ ও সাধারণ টয়লেট থাকিবে | নিম্নবর্ণিত সুবিধা ও সেবা থাকিতে হইবে, যথা :— <br> ক. অভ্যর্থনা কক্ষ, লাইঞ্জ ও সাধারণ টয়লেট; <br> খ. লাউঞ্জে পত্রিকা, হোটেল ব্রোশিয়ার, (Brochure), সিটি ম্যাপ ও সরকারি প্রতিষ্ঠান হইতে সরবরাকৃত ট্যুরিস্ট গাইড/ব্রোশিয়ার (Brochure) ইত্যাদি | নিম্নবর্ণিত সুবিধা ও সেবা থাকিতে হইবে, যথা :— <br> ক. অভ্যর্থনা কক্ষ, লাইঞ্জ ও লবির সুবিধাদি; <br> খ. লবিতে স্যুভেনিয়র শপ; <br> গ. লবিতে পত্রিকা, হোটেল ব্রোশিয়ার, (Brochure), সিটি ম্যাপ ও সরকারি প্রতিষ্ঠান হইতে সরবরাকৃত ট্যুরিস্ট গাইড/ব্রোশিয়ার (Brochure) ইত্যাদি | নিম্নবর্ণিত সুবিধা ও সেবা থাকিতে হইবে, যথা :— <br> ক. অভ্যর্থনা কক্ষ, লাইঞ্জ ও লবির সুবিধাদি; <br> খ. লবিতে স্যুভেনিয়র শপ; <br> গ. লবিতে পত্রিকা, হোটেল ব্রোশিয়ার, (Brochure), সিটি ম্যাপ ও সরকারি প্রতিষ্ঠান হইতে সরবরাকৃত ট্যুরিস্ট গাইড/ব্রোশিয়ার (Brochure) ইত্যাদি | নিম্নবর্ণিত সুবিধা ও সেবা থাকিতে হইবে, যথা :— <br> ক. অভ্যর্থনা কক্ষ, লাইঞ্জ ও লবির সুবিধাদি; <br> খ. লবিতে স্যুভেনিয়র শপ; <br> গ. লবিতে পত্রিকা, হোটেল ব্রোশিয়ার, (Brochure), সিটি ম্যাপ ও সরকারি প্রতিষ্ঠান হইতে সরবরাকৃত ট্যুরিস্ট গাইড/ব্রোশিয়ার (Brochure) ইত্যাদি |
| ২২. | আধুনিক জিমনেসিয়াম, সুনা, ষ্টীম বাথ ও স্পা | - | - | থাকিতে হইবে | থাকিতে হইবে | থাকিতে হইবে |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
|---|---|---|---|---|---|---|
| নং | সুবিধা ও সেবার বিবরণ | ১ (এক) তারকা (*) | ২ (দুই) তারকা (**) | ৩ (তিন) তারকা (***) | ৪ (চার) তারকা (****) | ৫ (পাঁচ) তারকা (*****) |
| ২৩. | পৃথক লাগেজ রুম, স্টোর ও সেফটি ভল্ট/লকার | - | - | থাকিতে হইবে | থাকিতে হইবে | থাকিতে হইবে |
| ২৪. | লন্ড্রী | - | - | ২৪ (চব্বিশ) ঘণ্টা লন্ড্রি সুবিধা থাকিতে হইবে | ২৪ (চব্বিশ) ঘণ্টা লন্ড্রি সুবিধা থাকিতে হইবে | ২৪ (চব্বিশ) ঘণ্টা লন্ড্রি সুবিধা থাকিতে হইবে |
| ২৫. | সুইমিং পুল | - | - | - | থাকিতে হইবে | থাকিতে হইবে |
| ২৬. | নিজস্ব জমি/দীর্ঘ মেয়াদী লীজের চুক্তিপত্র | - | - | থাকিতে হইবে | থাকিতে হইবে | থাকিতে হইবে |
| ২৭. | রেন্ট-এ কার সুবিধা | - | - | - | থাকিতে হইবে | থাকিতে হইবে |
| ২৮. | টেলিফোন সুবিধা | অভ্যর্থনা কক্ষে সরাসরি ডায়ালযোগ্য টেলিফোন | অভ্যর্থনা কক্ষে সরাসরি ডায়ালযোগ্য টেলিফোন | প্রতিটি কক্ষে পিবিএক্স ও আউট গোয়িং কানেকশনসহ টেলিফোন | প্রতিটি কক্ষে পিবিএক্স ও আউট গোয়িং কানেকশনসহ টেলিফোন | প্রতিটি কক্ষে পিবিএক্স ও আউট গোয়িং কানেকশনসহ টেলিফোন |
| ২৯. | কক্ষে পত্রিকা, অভ্যর্থনা পত্র, হোটেল ব্রোশিয়ার সরবরাহ | - | হোটেল ব্রোশিয়ার সরবরাহ করিতে হইবে | নিম্নবর্ণিত সুবিধা ও সেবা থাকিতে হইবে, যথা:- (ক) অভ্যর্থনা পত্র, দৈনিক পত্রিকা, হোটেল ব্রোশিয়ার (Brochure) ও সরকারি প্রতিষ্ঠান হইতে সরবরাহকৃত ট্যুরিস্ট গাইড/ব্রোশিয়ার (Brochure) ইত্যাদি | নিম্নবর্ণিত সুবিধা ও সেবা থাকিতে হইবে, যথা:- (ক) অভ্যর্থনা পত্র, দৈনিক পত্রিকা, হোটেল ব্রোশিয়ার (Brochure) ও সরকারি প্রতিষ্ঠান হইতে সরবরাহকৃত ট্যুরিস্ট গাইড/ব্রোশিয়ার (Brochure) ইত্যাদি | নিম্নবর্ণিত সুবিধা ও সেবা থাকিতে হইবে, যথা:- (ক) অভ্যর্থনা পত্র, দৈনিক পত্রিকা, হোটেল ব্রোশিয়ার (Brochure) ও সরকারি প্রতিষ্ঠান হইতে সরবরাহকৃত ট্যুরিস্ট গাইড/ব্রোশিয়ার (Brochure) ইত্যাদি |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
|---|---|---|---|---|---|---|
| নং | সুবিধা ও সেবার বিবরণ | ১ (এক) তারকা (*) | ২ (দুই) তারকা (**) | ৩ (তিন) তারকা (***) | ৪ (চার) তারকা (****) | ৫ (পাঁচ) তারকা (*****) |
| ৩০. | টেলিভিশন ও স্যাটেলাইট | - | - | মাল্টি চ্যানেলসহ টেলিভিশন থাকিতে হইবে | মাল্টি চ্যানেলসহ টেলিভিশন থাকিতে হইবে | মাল্টি চ্যানেলসহ টেলিভিশন থাকিতে হইবে |
| ৩১. | কর্মচারিদের ইউনিফর্ম ও নেমপ্লেট | থাকিতে হইবে | থাকিতে হইবে | থাকিতে হইবে | থাকিতে হইবে | থাকিতে হইবে |
| ৩২. | বৈদেশিক মুদ্রা বিনিময়ের সুযোগ | - | - | থাকিতে হইবে | থাকিতে হইবে | থাকিতে হইবে |
| ৩৩. | অভিযোগ বক্সের ব্যবস্থা | থাকিতে হইবে | থাকিতে হইবে | থাকিতে হইবে | থাকিতে হইবে | থাকিতে হইবে |
| ৩৪. | সেবা তালিকা ও সেবামূল্য তালিকা প্রদর্শন | থাকিতে হইবে | থাকিতে হইবে | থাকিতে হইবে | থাকিতে হইবে | থাকিতে হইবে |

**(খ) রেস্তোরাঁর শ্রেণিবিন্যাস ও ন্যূনতম সুবিধা ও সেবার বিবরণ:**

| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) | (১০) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ক্রমিক নং | সুবিধা ও সেবার বিবরণ | এ-শ্রেণি | | বি-শ্রেণি | | সি-শ্রেণি | | ডি-শ্রেণি | |
| | | এ/সি | নন/এসি | এ/সি | নন/এসি | এ/সি | নন/এসি | এ/সি | নন/এসি |
| (১) | পরিষ্কার রান্নার স্থান | ✓ | ✓ | ✓ | ✓ | ✓ | ✓ | ✓ | ✓ |
| (২) | রান্না ও বাসনপত্র ধোঁয়ার ক্ষেত্রে বিশুদ্ধ ও পরিষ্কার পানির ব্যবহার | ✓ | ✓ | ✓ | ✓ | ✓ | ✓ | ✓ | ✓ |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) | (১০) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ক্রমিক নং | সুবিধা ও সেবার বিবরণ | এ-শ্রেণি | | বি-শ্রেণি | | সি-শ্রেণি | | ডি-শ্রেণি | |
| (৩) | রান্নায় ভাল/ফ্রেশ তেল ব্যবহার (বাসি তেল পুনরায় ব্যবহার করা যাইবে না) | ✓ | ✓ | ✓ | ✓ | ✓ | ✓ | ✓ | ✓ |
| (৪) | পরিষ্কার-পরিচ্ছন্ন বসার চেয়ার, টেবিল ও ফ্লোর | ✓ | ✓ | ✓ | ✓ | ✓ | ✓ | ✓ | ✓ |
| (৫) | খাবারের মূল্য তালিকা | ✓ | ✓ | ✓ | ✓ | ✓ | ✓ | ✓ | ✓ |
| (৬) | রান্নার জন্য উপযুক্ত স্থান (রাস্তার পাশে খোলা স্থানে রান্না করা যাইবে না) | ✓ | ✓ | ✓ | ✓ | ✓ | ✓ | ✓ | ✓ |
| (৭) | পরিবেশনকারী নির্দিষ্ট পোষাক | ✓ | ✓ | ✓ | ✓ | ✓ | ✓ | ✓ | ✓ |
| (৮) | খাবার টেবিলে রান্নার ধোঁয়া প্রতিরোধক | ✓ | ✓ | ✓ | ✓ | ✓ | ✓ | ✓ | ✓ |
| (৯) | হোটেল কর্তৃপক্ষ বাসি খাবার সংরক্ষণের ব্যবস্থা | ✓ | ✓ | ✓ | ✓ | ✓ | ✓ | ✓ | ✓ |
| (১০) | অভিযোগ বক্স | ✓ | ✓ | ✓ | ✓ | ✓ | ✓ | ✓ | ✓ |
| (১১) | ডাস্টবিন | ✓ | ✓ | ✓ | ✓ | ✓ | ✓ | ✓ | ✓ |
| (১২) | উচ্ছিষ্ট খাবার কি করা হয় অপসারণের ব্যবস্থা | ✓ | ✓ | ✓ | ✓ | ✓ | ✓ | ✓ | ✓ |
| (১৩) | ওয়াশ রুম (স্বাস্থ্যসম্মত হাত ধোয়ার ব্যবস্থা) | ✓ | ✓ | ✓ | ✓ | ✓ | ✓ | ✓ | ✓ |
| (১৪) | যুক্তিসঙ্গত খাবার মূল্য তালিকা | ✓ | ✓ | ✓ | ✓ | ✓ | ✓ | ✓ | ✓ |
| (১৫) | বিশুদ্ধ খাবার পানির ব্যবস্থা | ✓ | ✓ | ✓ | ✓ | ✓ | ✓ | ✓ | ✓ |
| (১৬) | কর্মচারিদের হেলথ ও হাইজিন সম্পর্কে নিয়মিত সচেতন করার ব্যবস্থা | ✓ | ✓ | ✓ | ✓ | ✓ | ✓ | ✓ | ✓ |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) | (১০) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ক্রমিক নং | সুবিধা ও সেবার বিবরণ | এ-শ্রেণি | | বি-শ্রেণি | | সি-শ্রেণি | | ডি-শ্রেণি | |
| (১৭) | টয়লেট/ওয়াশরুম | অন্যূন ২(দুই) টি | অন্যূন ২(দুই) টি | অন্যূন ২(দুই) টি | অন্যূন ২(দুই) টি | অন্যূন ১(এক) টি | অন্যূন ১(এক) টি | অন্যূন ১(এক) টি | অন্যূন ১(এক) টি |
| (১৮) | বেসিন | ✓ | ✓ | ✓ | ✓ | ✓ | ✓ | ✓ | ✓ |
| (১৯) | টেবিল কভার | ✓ | ✓ | ✓ | ✓ | ✓ | ✓ | ✓ | ✓ |
| (২০) | এয়ার ফ্রেশনার ব্যবহার | ✓ | ✓ | ✓ | ✓ | ✓ | ✓ | ✓ | ✓ |
| (২১) | প্রশিক্ষিত বাবুর্চি | ✓ | ✓ | ✓ | ✓ | ✓ | ✓ | ✓ | ✓ |
| (২২) | এক্‌জস্ট ফ্যান | ✓ | ✓ | ✓ | ✓ | ✓ | ✓ | ✓ | ✓ |
| (২৩) | পর্যাপ্ত আলো/বাতাস | ✓ | ✓ | ✓ | ✓ | ✓ | ✓ | ✓ | ✓ |
| (২৪) | নিজস্ব পার্কিং ব্যবস্থা | ✓ | ✓ | ✓ | ✓ | ✓ | ✓ | ✓ | ✓ |

## তফসিল-২

### [বিধি ৩(১)(ক)(উ), ৩(১)(খ)(ই), ৩(৩), ৪(১)(খ), ৫(১)(ক), ৮(১), ৯(১) দ্রষ্টব্য]

### (ক) হোটেল সংক্রান্ত ফি (টাকায়)

| তারকামান | আবেদন ফি | নিবন্ধন ফি | মালিকানা স্বত্ত্ব/নাম পরিবর্তন ফি | লাইসেন্স ফি | লাইসেন্স নবায়ন ফি | ডুপ্লিকেট লাইসেন্স ফি |
|---|---|---|---|---|---|---|
| ১(এক) তারকা | ২,০০০/- | ১০,০০০/- | ১০,০০০/- | ৩০,০০০/- | ৫,০০০/- | ৫,০০০/- |
| ২(দুই) তারকা | ৩,০০০/- | ২০,০০০/- | ২০,০০০/- | ৫০,০০০/- | ১০,০০০/- | ১০,০০০/- |
| ৩(তিন) তারকা | ৪,০০০/- | ২৫,০০০/- | ২৫,০০০/- | ১,৫০,০০০/- | ৫০,০০০/- | ৫০,০০০/- |
| ৪(চার) তারকা | ৫,০০০/- | ৫০,০০০/- | ৫০,০০০/- | ৫,০০,০০০/- | ১,০০,০০০/- | ১,০০,০০০/- |
| ৫(পাঁচ) তারকা | ৫,০০০/- | ১,০০,০০০/- | ১,০০,০০০/- | ৭,০০,০০০/- | ১,৫০,০০০/- | ১,৫০,০০০/- |

## (খ) নন-এসি রেস্তোরাঁ ফি (টাকায়)

| অনূর্ধ্ব শ্রেণি | আসন সংখ্যা | মৌলভীবাজার ও কক্সবাজার শহর এবং সিটি কর্পোরেশন এলাকা ব্যতীত | | | মৌলভীবাজার ও কক্সবাজার শহরসহ সকল সিটি কর্পোরেশন এলাকা | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | নিবন্ধন/ মালিকানা স্বত্ত্ব বা নাম পরিবর্তন ফি | লাইসেন্স ফি | নবায়ন ফি | নিবন্ধন/ মালিকানা স্বত্ত্ব বা নাম পরিবর্তন ফি | লাইসেন্স ফি | নবায়ন/ ডুপ্লিকেট লাইসেন্স ফি (প্রতি বৎসরে) |
| ডি | ৩০-১০০ আসন পর্যন্ত | ১,৫০০/- | ৫,০০০/- | ৩,০০০/- | ২,০০০/- | ১০,০০০/- | ৪,০০০/- |
| সি | ১০১-২০০ আসন পর্যন্ত | ২,০০০/- | ৬,৫০০/- | ৪,০০০/- | ২,৫০০/- | ১২,৫০০/- | ৬,০০০/- |
